

া সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৩৭৭৫

৬২/ সাহাবীগণ [রাযিয়াল্লাহ 'আনহুম]-এর মর্যাদা (ﷺ کتاب فضائل أصحاب النبی) পরিচ্ছেদঃ ৬২/৩০. 'আয়িশাহ (রাঃ)-এর মর্যাদা।

بَابُ فَضُل عَائِشَةَ رَضِيَ اللهُ عَنْهَا

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ عَبْدِ الْوَهَّابِ حَدَّثَنَا حَمَّادٌ حَدَّثَنَا هِشَامٌ عَنْ أَبِيْهِ قَالَ كَانَ النَّاسُ يَتَحَرَّوْنَ بِهِدَايَاهُمْ يَوْمَ عَائِشَةُ فَاجْتَمَعَ صَوَاحِبِيْ إِلَى أُمِّ سَلَمَةَ فَقُلْنَ يَا أُمَّ سَلَمَةً وَاللهِ إِنَّ النَّاسَ يَتَحَرَّوْنَ بِهِدَايَاهُمْ يَوْمَ عَائِشَةَ وَإِنَّا نُرِيْدُ الْخَيْرَ كَمَا تُرِيْدُهُ عَائِشَةُ فَامْرِيْ رَسُوْلَ اللهِ صلى الله عليه وسلم أَنْ يَأْمُرَ النَّاسَ أَنْ يُهْدُواْ إِلَيْهِ حَيْثُ مَا كَانَ أَقْ حَيْثُ مَا ذَارَ قَالَتْ فَذَكَرَتْ ذَلِكَ أُمُّ سَلَمَةَ لِلنَّبِيِّ صلى الله عليه وسلم قَالَتْ فَأَعْرَضَ عَنِيْ فَلَمَّا كَانَ فِي التَّالِثَةِ ذَكَرْتُ لَهُ فَقَالَ يَا عَنِيْ فَلَمَّا كَانَ فِي التَّالِثَةِ ذَكَرْتُ لَهُ فَقَالَ يَا عَنِيْ فَلَمَّا كَانَ فِي التَّالِثَةِ ذَكَرْتُ لَهُ فَقَالَ يَا عَنِيْ فَلَمَّا كَانَ فِي التَّالِثَةِ ذَكَرْتُ لَهُ فَقَالَ يَا عَنِيْ فَلَمَّا كَانَ فِي التَّالِثَةِ ذَكَرْتُ لَهُ فَقَالَ يَا عَنِيْ فَلَمَّا كَانَ فِي التَّالِثَةِ ذَكَرْتُ لَهُ فَقَالَ يَا عَنِيْ فَلَمَّا عَادَ إِلَيَّ ذَكَرْتُ لَهُ فَاللهِ مَا نَزَلَ عَلَيَّ الْوَحْيُ وَأَنَا فِيْ لِحَافِ امْرَأَةٍ مِنْكُنَّ غَيْرِهَا

বাংলা

৩৭৭৫. 'উরওয়াহ (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, লোকেরা আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে হাদীয়া প্রদানের জন্য 'আয়িশাহ (রাঃ)-এর গৃহে তাঁর অবস্থানের দিন হিসাব করতেন। 'আয়িশাহ (রাঃ) বলেন, একদা আমার সতীনগণ উম্মু সালামাহ (রাঃ)-এর নিকট সমবেত হয়ে বললেন, হে উম্মু সালামাহ! আল্লাহর কসম, লোকজন তাদের উপটোকনসমূহ প্রেরণের জন্য 'আয়িশাহ (রাঃ)-এর গৃহে অবস্থানের দিন গণনা করেন। 'আয়িশাহ (রাঃ)-এর মত আমরাও কল্যাণ আকাজ্জা করি। আপনি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু অলাইহি ওয়াসাল্লাম-কে বলুন, তিনি যেন লোকদের বলে দেন, তারা যেন আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যেদিন যেখানেই অবস্থান করেন সেখানেই তারা হাদীয়া পাঠিয়ে দেন। উম্মু সালামাহ (রাঃ) বলেন, তিনি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে এ বিষয় উল্লেখ করলেন। উম্মু সালামাহ (রাঃ) বলেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার কথা শুনে মুখ ফিরিয়ে নিলেন। পরে আমার গৃহে অবস্থানের জন্য পুনরায় আসলে আমি ঐ কথা তাঁকে বলি। এবারও তিনি মুখ ফিরিয়ে নিলেন। তৃতীয়বারেও আমি ঐ কথা তাঁকে বললাম, তিনি বললেন, হে উম্মু সালামাহ! 'আয়িশাহ (রাঃ)-এর ব্যাপারে তোমরা আমাকে কষ্ট দিও না। আল্লাহর কসম,



তোমাদের মধ্যে 'আয়িশাহ (রাঃ) ছাড়া অন্য কারো শয্যায় শায়িত থাকা কালীন আমার উপর ওয়াহী নাযিল হয়নি। (২৫৭৪) (আধুনিক প্রকাশনীঃ ৩৪৯৩, ইসলামিক ফাউন্ডেশনঃ ৩৫০১)

English

Narrated Hisham's father:

The people used to send presents to the Prophet (﴿) on the day of `Aisha's turn. `Aisha said, "My companions (i.e. the other wives of the Prophet) gathered in the house of Um Salama and said, "O Um Salama! By Allah, the people choose to send presents on the day of `Aisha's turn and we too, love the good (i.e. presents etc.) as `Aisha does. You should tell Allah's Messenger (﴿) to tell the people to send their presents to him wherever he may be, or wherever his turn may be." Um Salama said that to the Prophet and he turned away from her, and when the Prophet (﴿) returned to her (i.e. Um Salama), she repeated the same, and the Prophet (﴿) again turned away, and when she told him the same for the third time, the Prophet (﴿) said, "O Um Salama! Don't trouble me by harming `Aisha, for by Allah, the Divine Inspiration never came to me while I was under the blanket of any woman amongst you except her."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ উরওয়াহ (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন